

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
জননিরাপত্তা বিভাগ  
আইন-২শাখা  
[www.mhapsd.gov.bd](http://www.mhapsd.gov.bd)

নম্বর- ৪৪.০০.০০০০.০৫৬.৯৯.০১৬.২০২৩-

তারিখ : ০৫ আষাঢ় ১৪৩১  
১৯ জুন ২০২৪

**অফিস আদেশ**

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক পরিচালিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার মাধ্যমে সরকারী কর্মকর্তা-কর্মচারীদেরকে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ প্রণয়ন করেছে এবং পরবর্তীতে, সময়ের প্রয়োজনে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংশোধন ও সমন্বয় সংশোধনপূর্বক একে আরো বেশি কার্যকর ও যুগোপযোগী করার লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ প্রণয়ন করা হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী জননিরাপত্তা বিভাগের গ্রেড ০২ হতে ০৯ ভুক্ত কর্মকর্তাদের মধ্য হতে জনাব মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী, উপসচিব (রাজনৈতিক-১ শাখা), গ্রেড ১০ হতে গ্রেড ১৬ ভুক্ত কর্মচারীদের মধ্য হতে জনাব মো: আবদুল করিম, ব্যক্তিগত কর্মকর্তা, সচিবের দপ্তর, ও গ্রেড ১৭ হতে গ্রেড ২০ ভুক্ত কর্মচারীদের মধ্য হতে জনাব নারায়ন চন্দ্র বৈষ্ণব, অফিস সহায়ক, রাজনৈতিক-৪ শাখা, জননিরাপত্তা বিভাগ এবং জননিরাপত্তা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণের মধ্য হতে মেজর জেনারেল জিয়াউল আহসান, এসবিপি, বিপিএম(বার), পিপিএম(বার), মহাপরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার'কে শুদ্ধাচার পুরস্কার, ২০২৪ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় তাঁদের প্রত্যেকের অনুকূলে শুদ্ধাচার পুরস্কার হিসাবে একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং এক মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ প্রদানের আদেশ জারী করা হলো।

২। এ আদেশ জারিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



এস. এম. রেজাউল মোস্তফা কামাল  
অতিরিক্ত সচিব (উন্নয়ন)

ও

সদস্য সচিব


শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটি

নম্বর-৪৪.০০.০০০০.০৫৬.৯৯.০১৬.২০২৩- ৯৭৭ (২০)

তারিখ : ০৫ আষাঢ় ১৪৩১  
১৯ জুন ২০২৪

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মেজর জেনারেল জিয়াউল আহসান, এসবিপি, বিপিএম(বার), পিপিএম(বার), মহাপরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। জনাব মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী, উপসচিব (রাজনৈতিক-১ শাখা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৫। সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। উপসচিব(প্রশাসন-২ শাখা), জননিরাপত্তা বিভাগ। (শুদ্ধাচার পুরস্কার, সার্টিফিকেট ও ক্রেস্ট প্রদান অনুষ্ঠান আয়োজনের অনুরোধসহ)।
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। সিনিয়র সহকারী সচিব, বাজেট-১ শাখা, জননিরাপত্তা বিভাগ (আর্থিক মঞ্জুরি সংক্রান্ত সরকারি আদেশ জারির অনুরোধসহ)।
- ৯। জনাব মো: আবদুল করিম, ব্যক্তিগত কর্মকর্তা, সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ১০। জনাব নারায়ন চন্দ্র বৈষ্ণব, অফিস সহায়ক, রাজনৈতিক-৪ শাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

  
এস. এম. রেজাউল মোস্তফা কামাল  
অতিরিক্তসচিব(উন্নয়ন)

ও

সদস্য সচিব

শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটি